### ওয়েল গ্রুপ স্বর্ণ কিশোরী শিক্ষাবৃত্তি প্রদান

# শিক্ষিত মহিলারাই পারেন একটি শিক্ষিত জাতি উপহার দিতে

চট্টগ্রাম ব্যুরো

ওয়েল গ্রুপের সহায়তায় স্বর্ণ কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশন "ওয়েল গ্রুপ স্বর্ণ কিশোরী শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন বলেন, বর্তমান সরকার নারী শিক্ষার উন্নয়নে বিশেষ পরিকল্পনা নিয়ে কাজ করে যাচ্ছে। সরকার গঠনের পর লক্ষ্য ছিল ২০১৫ সালের মধ্যে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে মেয়েদের অংশগ্রহণ ছেলেদের সমান হার নিশ্চিত করা। উপযুক্ত পরিকল্পনায় ২০১২ সালের মধ্যেই এ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে মেয়েদের শিক্ষা গ্রহণের হার শতকরা ৫৩ ভাগে উন্নীত হয়েছে। তিনি আরও বলেন, শিক্ষিত মহিলারাই পারেন একটি শিক্ষিত প্রজন্ম ও জাতি উপহার দিতে। সুশিক্ষিত, দক্ষ, সৎ, আদর্শবান ও দেশপ্রেমিক জনগোষ্ঠীসম্পন্ন দেশের অগ্রগতি কেউ রোধ করতে পারে না।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও ওয়েল গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আবদুচ ছালামের সভাপতিত্বে গতকাল চট্টগ্রামের এলজিইডি ভবনের কনফারেন্স হলে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। সভাপতির বক্তব্যে আবদুচ ছালাম বলেন, একজন মায়ের একটি সিদ্ধান্ত বদলে দিতে পারে একটি পরিবারের অবস্থা। একজন দায়িত্বশীল মানুষের একটি উক্তি বদলে দিতে পারে জাতির ভবিষ্যৎ। গরিব ঘরের সন্তান ছিলাম আমি। আমার মায়ের সাহসী সিদ্ধান্ত ও সঠিক পরিচালনা না থাকলে এবং সৃষ্টি কর্তার নেয়ামত না থাকলে আমি, আমার পরিবার এ অবস্থায় আসতে পারতাম না। আজকের এই অবস্থানে আসতে আমাকে ৪০ বছর কঠিন সময় পাড়ি দিতে হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম সিভিল সার্জন আজিজুর রহমান সিদ্দিকী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের চট্টগ্রাম অঞ্চলের পরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, দৈনিক প্রথম আলো'র যুগ্ম সম্পাদক বিশ্বজিৎ চৌধুরী, শিল্পপতি শামসুল আলম, আবদুল মালেক, ওয়েল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ সিরাজুল ইসলাম কমু, স্বাগত বক্তব্য রাখেন স্বর্ণ কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের সিইও ফারজানা ব্রাউনি।